

# চরকুমারিয়া ইসলামিয়া ফাযিল (ডিপ্রি) মাদরাসা

অনলাইন নির্বাচনী পরীক্ষা-২০২১

বাংলা দ্বিতীয় পত্র

শ্রেণি: আলিম

সময়: ৩.০০ ঘন্টা

পূর্ণমান: ১০০

## ক. বিভাগ (ব্যাকরণ) -৩০

১। (ক) বাংলা ‘অ’ ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ । ৫

অথবা, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখ:

অতীত, শ্রম, স্বাগত, আবৃত্তি, উদ্যোগ, দীনবন্ধু, বিজ্ঞান, ঐশ্বর্যবান।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে তৎসম শব্দের বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ । ৫

অথবা, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের শুন্দ বানান লেখ:

অতিথী, মনোপুত, আবিষ্কার, পৈত্রিক, আকাংখা, স্বরস্বত্তী, বিভিষিকা, বৃদ্ধীজিবী।

৩।(ক) উদাহরণসহ সর্বনাম পদের শ্রেণিবিভাগ আলোচনা কর । ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর:

একটি মিটমিট করিয়া ক্ষুদ্র আলো জুলিতেছে- দেয়ালের উপর চপ্পল ছায়া, প্রেতবৎ নাচিতেছে। আহার প্রস্তুত হয় নাই- এজন্য ভুঁকা হাতে, নিমীলিতলোচনে আমি ভাবিতেছিলাম যে, আমি যদি নেপেলিয়ন হইতাম, তবে ওয়াটারলু জিতিতে পারিতাম কি না।

৪।(ক) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর ( যে কোনো পাঁচটি ) ৫

আত্মজা, কার্য, ছেলেমি, জ্যান্ত, দর্পণ, নবান্ন, শারীরিক, মিতালি।

অথবা, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :

চিরসুখী, পলান্ন, বিশালাক্ষী, দেশান্তর, সাত-সতের, যথাবিধি, সঙ্গীর্ষ, মুখচন্দ্ৰ।

৫। (ক) গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর । ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর ( যেকোনো পাঁচটি):

- (i) জাদুঘর আমাদের আনন্দ দেয়। (প্রশ্নবোধক)
- (ii) অনীর কন্যা তার পছন্দ নয় ( অস্তিবাচক)
- (iii) আমরা পৌছে খবর পেলাম জাহাজ ছেড়ে চলে গেছে । ( জটিল)
- (iv) গ্রামে দেশপ্রেমিক তারা দেশকে ভালোবাসে । ( সরল)
- (v) এ কথা স্বীকার করতেই হয় । ( নেতিবাচক)
- (vi) সর্বদা তার মনে দুঃখ । (বিস্ময়বোধক)
- (vii) জীবে দয়া করা উচিত । ( অনুজ্ঞবাচক)
- (viii) সুর্যোদয়ে অন্ধকার দূর হয় । ( যৌগিক)

৬। (ক) নিচের যেকোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগ শুন্দ করে লেখ : ৫

- (i) মেয়েটি বেশ বুদ্ধিমান ।
- (ii) সব পাখিরা উড়ে গেল ।
- (iii) ‘গীতাঞ্জলি’ রবিন্দ্রনাথ ঠাকুর রচিত একটি কাব্যগ্রন্থ ।
- (iv) তার দু'চোখ অশ্রুজলে ভেসে গেল ।
- (v) অধ্যক্ষ সাহেব স্বপরিবারে কল্পবাজারে বেড়াতে গেছেন ।
- (vi) বিদ্যানকে সকলে শ্রদ্ধা করে ।
- (vii) তাহারা মাঠে খেলা করছে ।
- (viii) দারিদ্র্যতা আমাদের অভিশাপ ।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগ শুন্দ কর:

এখন হেমন্তকাল, মুষলধারে মেঘ হচ্ছে । আজ ক্লাসে যেতে হবে না, তাই বাবুল আনন্দ চিন্তে কাথামুড়ি দিয়ে শয়ে আছে । বাবুলের মা চিতই পিঠা বানিয়ে তাহাকে খেতে ডাকলেন ।

## খ- বিভাগ (নির্মিতি) ৭০

- ৭।(ক) যেকোনো দশটি শব্দের পারিভাষিক রূপ লেখ:                        ১০  
 Audio, Bulletin, Dialect, Urban, Eye-witness, Fiction, Skull, Leap-year, Para, Custom, Interpreter, Republic, Principle, Nursery, Vision.  
 অথবা, (খ) বাংলায় অনুবাদ কর:

Punctuality is to be cultivated and formed into a habit. This quality is to be acquired through all over boyhood. Boyhood is the seed time. The habit formed at this time will continue all through our life. Everything at the right time, Should be our motto.

- ৮।(ক) ঐতিহাসিক স্থানের ভ্রমণের অভিজ্ঞতা বর্ণনা কর।                        ১০

অথবা, (খ) তোমার কলেজ গ্রাস্টাগার সম্পর্কে একটি অনুসন্ধানী প্রতিবেদন তৈরি ক।

- ৯।(ক) জন্মদিনের শুভেচ্ছা জানিয়ে বন্ধুকে একটি খুদেবার্তা লেখ।                        ১০

অথবা, (খ) সম্প্রতি তোমার পড়া একটি বই সম্পর্কে প্রবাসী বন্ধুর কাছে পত্র লেখ।

- ১০।(ক) সারমর্ম লেখ:                        ১০

দৈন্য যদি আসে আসুক, লজ্জা কিবা তাহে,  
 মাথা উঁচু রাখিস।

সুখের সাথী মুখের পানে যদি না চাহে,  
 ধৈর্য ধরে থাকিস।

রঞ্জনুপে তীব্র দুঃখ যদি আসে নেমে  
 বুক ফুলিয়ে দাঁড়াস।

আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙে  
 উর্ধ্বে দুঃহাত বাড়াস।

- অথবা, (খ) ভাব- সম্প্রসারণ কর:

মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়।

- ১১।(ক) ‘নিরাপদ সড়ক চাই’ বিষয়ে দুই বন্ধুর সংলাপ রচনা কর।                        ১০

অথবা, (খ) নিম্নোক্ত ইঙ্গিত অবলম্বনে একটি খুদে গল্প রচনা কর:

আশরাফ সাহেব একজন মুক্তিযোদ্ধা। স্বাধীনতার ৪৭ বছর পরও তিনি মনে করেন দেশের জন্য অনেক কাজ করার বাকি রয়ে গেছে। তাই এই প্রৌঢ় বয়সেও .. . . . .

- ১২। যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ:                        ২০

(ক) একুশ বাঙালির অহঙ্কার

(খ) মাদকাস্তির কারণ ও প্রতিকার

(গ) বৃত্তিমূলক শিক্ষা

(ঘ) জলবায়ু পরিবর্তন ও বৈশ্বিক উষ্ণতায়ন

(ঙ) বিদ্যুৎ ও আধুনিক জীবন